

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 06.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ ‘আবাস যোজনা’ প্রকল্পে বাদ পড়ে যাওয়া উপভোক্তাদের তথ্য ফের যাচাই করতে আগামীকাল বিশেষ সমীক্ষা শুরু হচ্ছে।
- ২/ সুপ্রিম কোর্টে RG Kar-এর স্বতঃপ্রণোদিত মামলার শুনানি আজ'ও পিছিয়ে গেছে। আগামীকাল হতে পারে শুনানি।
- ৩/ দেশের ছাত্র সমাজের পাশে দাঁড়াতে, কেন্দ্রীয় সরকার ‘PM বিদ্যালক্ষ্মী’ প্রকল্পে অনুমোদন দিয়েছে।
- ৪/ পূর্ব মেদিনীপুরের বাক্চায় বিজেপি বুথ সভাপতি খুনের ঘটনায় ধৃত ত্রুটি ত্রুটি কংগ্রেস নেতা নব কুমার মন্ডলের পাঁচ দিনের NIA হেফাজত হয়েছে।
- ৫/ জগন্নাথী পুজোর আজ পঞ্চমী। মুখ্যমন্ত্রী আজ বেশ কয়েকটি পুজোর উদ্বোধন করেছেন।
চার দিনব্যাপী ছটপুজোর দ্বিতীয় দিনে আজ পালিত হচ্ছে ‘খারনা’।

কেন্দ্রের বেঁধে দেওয়া বিভিন্ন শর্তের কারণে আবাস যোজনা প্রকল্পে যেসব উপভোক্তার নাম বাদ গেছে তাঁদের তথ্য পুনরায় যাচাই করতে ফের সমীক্ষা শুরু হচ্ছে। আগামীকাল থেকে সেই বিশেষ সমীক্ষা বা সুপার চেকিং শুরু হবে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। যা চলবে ১০ নভেম্বর পর্যন্ত। জেলাশাসক, পুলিস সুপার, অতিরিক্ত জেলাশাসক এবং মহকুমা শাসকের মতো উচ্চপদস্থ আধিকারিকরা এবার সেই তালিকা যাচাই করবেন। যোগ্য কেউ যাতে তালিকা থেকে বাদ না পড়েন, তা দেখার জন্যই ‘সুপার চেকিং’ করা হবে। এছাড়া প্রথম পর্যায়ে চেকিংয়ের পরও যাতে কোনও অযোগ্য নাম তালিকায় না থাকে তাও নিশ্চিত করতে বলা হয়েছে।

আবাস প্রাপকদের তালিকা থেকে যোগ্যদের নাম বাদ দেওয়া হচ্ছে, এই অভিযোগ তুলে উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জ বিডিও অফিসে আজ বিক্ষোভ দেখিয়েছেন স্থানীয়রা। ব্লক অফিসে আবাস নিয়ে যে ‘অভিযোগ বাত্র’ রাখা হয়েছে, সেখানে জমা পড়া অভিযোগ পত্রগুলি খতিয়ে দেখা হয়না বলে অভিযোগ করা হয়েছে।

হিঙ্গলগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

সুপ্রিম কোর্টে RG Kar -এর স্বতঃপ্রগোদ্ধিত মামলার শুনানি আজ'ও পিছিয়ে গেছে। আগামীকাল তিনি মামলাটি শুনবেন বলে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় জানিয়েছেন। তবে কখন শুনানি হবে, তা' এখনো পর্যন্ত জানা যায়নি।

এই নিয়ে গত দু'দিনে তিনবার পিছোলো শুনানি।

সুপ্রিম কোর্টের পরবর্তী শুনানিতে ‘স্টেটাস রিপোর্ট’ জমা দেওয়ার কথা CBI-এর। অন্যদিকে সিভিক ভলেন্টিয়ার নিয়োগ নিয়ে শীর্ষ আদালতের একাধিক প্রশ্নে ‘হলফনামা’ দাখিলের কথা রাজ্য সরকারের।

পর পর দুদিন শুনানি পিছিয়ে যাওয়ায় স্বভাবতই হতাশ নির্যাতিতার পরিবার, চিকিৎসকমহল এবং সাধারণ মানুষ। মেয়ের বিচারের জন্য নিজেরাই পথে নামবেন বলে জানিয়েছেন তিলোত্মার মা-বাবা।

(বাইট- তিলোত্মার বাবা)

এই মামলার শুনানি পিছিয়ে যাওয়ার সঙ্গে রাজনীতির কোনো সম্পর্ক নেই বলে তৃণমূল কংগ্রেস মুখ্যপাত্র কুণাল ঘোষ মন্তব্য করেছেন।

(বাইট- কুণাল ঘোষ)

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে আলোচনার যে রেকর্ড তাদের কাছে পাঠানো হয়েছে তাতে আলোচিত কিছু বিষয়ের উল্লেখ নেই বলে অভিযোগ জানিয়ে জুনিয়র চিকিৎসকদের সংগঠন পশ্চিমবঙ্গ জুনিয়র ডেস্ট্রিব ফন্ট রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থকে পাঠানো ই-মেইলে বলা হয়েছে। গত ২১-এ অক্টোবর নবান্ন সভাঘরে মুখ্যমন্ত্রীর সঙ্গে তাদের মুখোমুখি যে বৈঠক হয়েছিল সেখানে রাজ্যের প্রতিটি মেডিকেল কলেজে রেসিডেন্ট ডেস্ট্রিব অ্যাসোসিয়েশন গঠনের বিষয়ে কথা হলেও রেকর্ডে তার উল্লেখ নেই।

চিকিৎসকদের বক্তব্য, মেডিকেল কলেজগুলিতে ছাত্র সংসদ নির্বাচনের জন্য আগামী মার্চ মাসের মধ্যে যে সময় দেওয়া হয়েছে ওই নির্বাচনের জন্য এই অ্যাসোসিয়েশন তৈরি করা অত্যন্ত জরুরী। ভারতীয় সংবিধানের ১৯ নম্বর ধারা অনুযায়ী এই ধরনের সংগঠন তৈরি তাদের মৌলিক অধিকারের মধ্যে পড়ে। মেডিকেল কলেজগুলি নিয়ে যে কোনো ধরনের অভিযোগ অধ্যক্ষের কাছ থেকে সরাসরি মেডিকেল কাউন্সিলের কাছে পাঠানো হবে বলে বৈঠকে ঠিক হলেও রেকর্ডে অধ্যক্ষ সেই সংক্রান্ত রিপোর্ট স্বাস্থ্য দপ্তরের মাধ্যমে মুখ্য সচিবের কাছে পাঠাবেন বলে লেখা হয়েছে বলে চিকিৎসকদের দাবী। সেই দিনের বৈঠকে কলেজ পর্যায়ের কোনো অভিযোগের নিষ্পত্তিতে সেল গঠন করার কথা বলা হলেও তা এখনো কোথাও তৈরি হয়নি বলে চিকিৎসকরা অভিযোগ করেছেন।

পাশাপাশি হাসপাতালে স্বাস্থ্যকর্মী এবং চিকিৎসকদের নিরাপত্তা সুনিশ্চিত করা হবে বলে রাজ্য সরকার প্রতিশ্রুতি দিলেও এখনো সেই সংক্রান্ত কোনো উদ্যোগ জুনিয়র চিকিৎসকদের চোখে পড়েনি বলেও ই-মেইলে তাঁরা জানিয়েছেন।

এদিকে, হ্রাসক সংস্কৃতির অবসান ও তরঙ্গী চিকিৎসকের জন্য ব্যয় বিচারের দাবীতে বর্ধমান মেডিক্যাল কলেজে আজ গণগনভেনশনের আয়োজন করা হয়।

উত্তর ২৪ পরগণার গাইঘাটার ঠাকুরনগর শিমুলপুরে দশম শ্রেণীর ছাত্রীর ধর্ষণ ও আত্মহত্যার চেষ্টার প্রেক্ষিতে ‘সেভ ডেমোক্রেসি’-র একটি প্রতিনিধি দল আজ নির্যাতিতার বাড়িতে যায়। তাঁর বাবার সঙ্গে কথা বলেন প্রতিনিধিরা। পাশাপাশি বিজেপির একটি প্রতিনিধি দল’ও পরিবারটির সঙ্গে সাক্ষাত করে। ছিলেন বিজেপি মহিলা মোর্চার নেত্রী ফাল্টনী পাত্র, গাইঘাটার বিধায়ক সুব্রত ঠাকুর প্রমুখ।

আগেই জানানো হয়েছে, পয়লা নভেম্বর সন্ধ্যায় টিউশন থেকে বাড়ি ফেরার পথে নাবালিকাকে তুলে নিয়ে গিয়ে প্রতিবেশী যুবক সুজিত ধর্ষণ করে বলে অভিযোগ। এরপর গত শনিবার দুপুরে ওই স্কুল ছাত্রী আত্মহত্যার চেষ্টা করলে ঘটনা প্রকাশে আসে।

রাজ্যে নারী নির্যাতন এবং ধর্মীয় অনুষ্ঠানে হিংসা নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগের প্রেক্ষিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছেন। রাজ্যে সাম্প্রতিক সময়ে ঘটা এধরণের ঘটনায় প্রশাসনের তরফে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তা জানতে চাওয়া হয়েছে। রাজ্যপালের দফতরের বিশেষ দায়িত্বপ্রাপ্ত অধিকারিক জানিয়েছেন, দুর্গাপুর্জো ও কালীপুর্জোর সময় রাজ্যের কিছু অঞ্চলে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিরোধী দলনেতা এবং অন্যান্যদের কাছ থেকে রাজ্যপাল বিভিন্ন অভিযোগ পেয়েছেন। এই বিষয়ে রাজ্যবন রাজ্য সরকারের প্রতিক্রিয়া চেয়েছেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে সক্রিয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন।

দেশের ছাত্র সমাজের পাশে দাঁড়াতে কেন্দ্রীয় সরকার, ‘PM বিদ্যালক্ষ্মী’ প্রকল্পে অনুমোদন দিয়েছে। এর আওতায় আট লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয় সম্পর্কে পরিবারগুলির ছাত্রছাত্রীরা, ১০ লক্ষ টাকা পর্যন্ত খণ্ডে তিন শতাংশ সুদ ছাড়ের সুযোগ পাবে। সাড়ে সাত লক্ষ টাকা পর্যন্ত খণ্ডের ক্ষেত্রে ৭৫ শতাংশের গ্যারেন্টার হবে সরকার। আজ প্রধানমন্ত্রীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা এই প্রকল্পে ছাড়পত্র দিয়েছে। দেশের ৭'লক্ষ পড়ুয়া এর ফলে উপকৃত হবেন বলে জানিয়েছেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

(বাইট- অশ্বিনী বৈষ্ণব)

পূর্ব মেদিনীপুরের বাক্চায় বিজেপি বুথ সভাপতি বিজয়কৃষ্ণ ভুঁইঞ্চি খুনের ঘটনায় বিশেষ আদালত তৃণমূল কংগ্রেস নেতা নব কুমার মন্ডলকে পাঁচ দিনের NIA হেফাজতে পাঠিয়েছে। গতরাতে তাকে গ্রেফতার করা হয়।

উল্লেখ্য, ২০২৩-এর পয়লা মে বিজেপি-র বুথ সভাপতি বিজয় কৃষ্ণ ভুঁইঞ্চি খুন হন।

জগন্নাথী পুজোর আজ পঞ্চমী। এই উপলক্ষ্যে হৃগলী জেলার চন্দননগর ও ভদ্রেশ্বর সেজে উঠেছে আলোক মালায়। যান চলাচল নিয়ন্ত্রণ সহ প্রশাসনের তরফে একগুচ্ছ পদক্ষেপ নেওয়া হয়েছে। নদীয়ার কৃষ্ণনগরেও জগন্নাথী পুজো উপলক্ষ্যে মাতোয়ারা সাধারণ মানুষ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ পোস্তা বাজারে জগন্নাথী পুজোর উদ্বোধন করেন। সেখানে তিনি বলেন, বাম আমলে এই অঞ্চলে ব্যবসায়ীদের ওপর জুলুম চলতো। রাজ্য সরকার তা' এখন অনেকটাই নিয়ন্ত্রণে এনেছে।

বন্দর এলাকায় জমি সমস্যার বিষয়ে কলকাতা হাইকোর্টের রায়ের প্রেক্ষিতে সমস্যার দ্রুত সমাধান করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

(বাইট- মমতা)

মুখ্যমন্ত্রী আজ ভদ্রেশ্বর ও চন্দনগড়ে'ও মোট ১০ টি জগন্নাথী পুজোর ভার্চুয়াল উদ্বোধন করেছেন।

চন্দনগড়ের জগন্নাথী পুজা উপলক্ষে যাত্রীদের সুবিধার্থে পূর্বরেল আগামী ৮'ই নভেম্বর থেকে ১২'ই নভেম্বর পর্যন্ত বিশেষ ব্যবস্থা নিয়েছে।

পূর্ব রেল হাওড়া-ব্যান্ডেল ও হাওড়া-বর্ধমানের মধ্যে বিশেষ EMU লোকাল ট্রেন চালাবে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন হাওড়া-মসাগ্রাম লোকালকে বর্ধমান পর্যন্ত সম্প্রসারিত করা হবে।

চার দিনব্যাপী ছটপুজোর দ্বিতীয় দিনে আজ পালিত হচ্ছে খারনা। এর সঙ্গেই শুরু হচ্ছে ৩৬ ঘন্টার নির্জলা উপবাস। আগামীকাল উৎসবের তৃতীয় দিনে অস্তগামী সূর্যকে প্রথম অর্ঘ্য নিবেদন করা হবে। এরপর শুক্রবার উদীয়মান সূর্যকে অর্ঘ্য অর্পণের পর ব্রতের সমাপ্তি ঘটবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল তক্ষাঘাটে ছট পুজোর উদ্বোধন করবেন।

একটি প্রবেদন-

(ভিসি- অভিরূপ ছট)

দৃষ্ণের কথা মাথায় রেখে এবারেও ছট পুজোয় দক্ষিণ কলকাতার রবীন্দ্র সরোবর ও সুভাষ সরোবর সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ রাত ৮ টা থেকে শুক্রবার দুপুর বারোটা পর্যন্ত দুই সরোবর বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশ সূত্রে জানা গিয়েছে। পাশাপাশি ডিসি পদমর্যাদার একজন অফিসারের নেতৃত্বে সরোবরের নিরাপত্তায় প্রায় ৫০০ জন পুলিশ কর্মী মোতায়েন করা হবে।

আগামী বছরের ফেব্রুয়ারি মাসের ১১, ১২, ও ১৩ তারিখ 'ত্রিবেণী কুণ্ড স্নান' মহোৎসবের আয়োজন হয়েছে। উত্তর প্রয়াগ অর্থাৎ উত্তর প্রদেশের প্রয়াগরাজে এ বছর মহাকুণ্ড স্নান। সেই যোগের সমন্বয়ে তিথি অনুযায়ী এই তিন দিন ত্রিবেণীতেও

মহাস্নানের যোগ পড়েছে বলে কুস্ত পরিচালনা সমিতির সভাপতি রিষড়া প্রেম মন্দির আশ্রমের সম্পাদক নির্ণয়ানন্দ মহারাজ জানিয়েছেন।

ইডেনে কোচবিহার ট্রফি ক্রিকেটের প্রথম দিনে মুস্বাইয়ের বিরুদ্ধে বাংলা পাঁচ উইকেটে ২৯২ রান করেছে। আশুতোষ কুমার ১১৩ রানে অপরাজিত আছেন। অঙ্কিত চ্যাটার্জী ১০৮ রান করেছে।

ব্যাঙ্গালুরুর এম চিনাস্বামী স্টেডিয়ামে রঞ্জি ট্রফি ক্রিকেটের প্রথম দিনের শেষে বাংলা কর্ণাটকের বিরুদ্ধে প্রথম ইনিংসে ৫ উইকেটে ২৪৯ রান করেছে। কর্ণাটক টসে জিতে বাংলাকে ব্যাট করতে পাঠায়। বাংলার অধিনায়ক অনুষ্ঠুপ মজুমদার ১০১, সুদীপ চ্যাটার্জি ৫৫ রান করেছেন। শাহবাজ আহমেদ ৫৪ ও ঝদ্বিমান সাহা ৬ রানে অপরাজিত আছেন। কর্ণাটকের হয়ে ভাসুকি কৌশিক তিনটি, অভিলাষ শেঁড়ি ও শ্রেয়স গোপাল একটি করে উইকেট নিয়েছেন।
